



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/20/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল কলোরাডো স্প্রিংসে গুলির ঘটনার শিকার ব্যক্তিদের সম্মানে পতাকা
অর্ধনমিত করার নির্দেশ দিলেন

কলোরাডোতে একটি LGBTQ নাইটক্লাবে গণ গুলিবর্ষণের পর আজকে থেকে শুরু
করে পতাকা নামানো হবে

স্টেটের ল্যান্ডমার্কসমূহ ট্রান্সজেন্ডার স্মৃতি দিবসের সম্মানে আলোকিত করা হবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে আজকে থেকে শুরু করে স্টেটের সরকারি
ভবনগুলোর পতাকা অর্ধনমিত রাখা হবে কলোরাডো স্প্রিংসে একটি লেসবিয়ান, গে,
বাইসেক্সুয়াল, ট্রান্সজেন্ডার, কুইয়ের+ (Lesbian, Gay, Bisexual and Transgender, Queer+,
LGBTQ+) নাইটক্লাবে গণ গুলিবর্ষণের শিকার ব্যক্তিদের সম্মানে। গভর্নর এছাড়াও [ঘোষণা
করলেন](#) যে নিউ ইয়র্ক স্টেটের ল্যান্ডমার্কসমূহ ট্রান্সজেন্ডার স্মৃতি দিবসের (Transgender Day
of Remembrance) সম্মানে আজকে গোলাপি, সাদা ও নীল আলোতে আলোকিত করা হবে।

"কলোরাডো স্প্রিংসে অর্থহীন প্রাণনাশের ঘটনা বন্ধক সহিংসতা এবং LGBTQ+ সম্প্রদায়ের
বিরুদ্ধে বৈষম্যের আরো একটি মর্মান্তিক ঘটনা," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্ক LGBTQ+
অধিকার আন্দোলনের জন্মস্থান, এবং আমরা সম্প্রদায়টির সাথে থাকবো যাতে করে সকল নিউ
ইয়র্কবাসী তাদের প্রাপ্য মর্যাদা ও সমতার সাথে জীবনযাপন করতে পারে। আমার প্রশাসন ঘৃণা
অপরাধ প্রতিরোধে আমাদের প্রয়াস এবং ঘৃণা ও ধর্মান্ধতার বিরুদ্ধে কথা বলা অব্যাহত রাখবে।"

এছাড়াও গভর্নর হোকল [ঘোষণা করলেন](#) যে নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)
কলোরাডোর গণ গুলিবর্ষণের ঘটনার পর ঘৃণা অপরাধের ঝুঁকিতে থাকা সম্প্রদায়সমূহে
নজরদারি বৃদ্ধি করবে। স্টেট পুলিশের সন্ত্রাসবিরোধী বুদ্ধিমত্তা ইউনিট (Counter Terrorism
Intelligence Unit) এছাড়া পুরো নিউ ইয়র্কে LGBTQ+ সম্প্রদায়সমূহে একটি আউটরিচ
পরিচালনা করছে। এই প্রয়াসগুলি ঘৃণা অপরাধের লক্ষ্য হওয়া ব্যক্তিদের রক্ষা করতে এবং
অভ্যন্তরীণ চরমপন্থার বিরুদ্ধে লড়াই করতে গভর্নর হোকলের রেকর্ড তহবিল বৃদ্ধির উপর
ভিত্তি করে হচ্ছে।

ট্রান্সজেন্ডার স্মরণ দিবসের সম্মানে, যে ল্যান্ডমার্কসমূহকে আলোকিত করা হবে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)

- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - মেইন গেট অ্যান্ড এক্সপো সেন্টার
- ন্যাগরা জলপ্রপাত (Niagara Falls)
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কয়ার ভায়াডাক্ট
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA) লং আইল্যান্ড রেলরোড (Long Island Rail Road, LIRR) - পেন স্টেশনের ইস্ট এন্ড গেটওয়ে
- ইরি ক্যানেলের উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)